

(১৫ মে ২০২৩ তারিখ পর্যন্ত হালনাগাদকৃত)
সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন মঞ্জুর ও বিতরণ নীতিমালা, ২০১৮

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড



প্রধান কার্যালয়
গ্রিন সিটি এজ (৮ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।

- ০১। সংক্ষিপ্ত শিরোনামঃ এ নীতিমালা সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন নীতিমালা-২০১৮ নামে অভিহিত হবে।
- ০২। প্রয়োগ যোগ্যতাঃ এ নীতিমালায় আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ এর কর্মচারীদের বেতন-ভাতার বিপরীতে সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন মঞ্জুর ও বিতরণ সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী অর্ন্তভুক্ত করা হলো।
- ০৩। এ নীতিমালায় ব্যবহৃত সংজ্ঞা ও শর্তাবলী, অর্থ ও অন্তর্নিহিত তাৎপর্য “দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অধ্যাদেশ, ১৯৭৬” (১৯৭৬ সালের ৪০নং অধ্যাদেশ), “দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (সংশোধন) আইন, ২০০০” (২০০০ সালের ২৪নং আইন), আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ এর মেমোরেভাম অব এসোসিয়েশন, আর্টিকেলস অব এসোসিয়েশন এবং আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ এর পার্সোনাল এন্ড কম্পেনসেশন পলিসি’র অনুরূপ অর্থ বহন করবে।
- ০৪। এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে এবং নীতিমালা কার্যকর হওয়ার পূর্বে বোর্ডের সিদ্ধান্তের আলোকে কোম্পানিতে প্রচলিত বেতন-ভাতার বিপরীতে সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন মঞ্জুরী প্রদান ও বিতরণের ব্যাপারে যেসব কার্যক্রম/আদেশ কার্যকর করা হয়েছে, উহা আইনানুগ ও সঠিক বলে গণ্য হবে।
- ০৫। কর্তৃপক্ষ যে কোন কর্মচারীর সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন এর মঞ্জুরী বাতিল বা ঋণ অংক কমাতে পারবে।
- ০৬। সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন প্রাপ্তির যোগ্যতাঃ
- (১) কোম্পানির চাকুরিতে স্থায়ীভাবে নিয়োজিত কর্মচারি যারা ন্যূনতম ০৩ (তিন) বছর একটানা চাকুরিকাল সম্পন্ন করেছেন, তাঁরা সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন সুবিধা প্রাপ্য হবেন;
- (২) স্বামী-স্ত্রী দু’জন কোম্পানিতে কর্মরত থাকলে উভয়েই পৃথকভাবে সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন সুবিধা পাবেন;
- (৩) কোম্পানির চাকুরিতে চুক্তিভিত্তিক/খন্ডকালীন/প্রেমণে নিয়োজিত কোন কর্মচারি সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন পাওয়ার যোগ্য হবেন না। তবে কোম্পানিতে প্রেমণে নিয়োজিত আইসিবি’র কোন কর্মচারি আলোচ্য সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন সুবিধা গ্রহণ করতে চাইলে আইসিবি’র যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে মঞ্জুরী প্রদান ও বিতরণ করা যাবে;
- (৪) কোম্পানির কোন কর্মচারি অন্যত্র প্রেমণে নিয়োজিত থাকলে তিনি আলোচ্য সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন সুবিধা গ্রহণ করতে পারবেন।
- ০৭। সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন এর সিলিংঃ প্রভিডেন্ট ফান্ডে নিজস্ব জমাসহ কোম্পানির জমা ও গ্রাচুইটি খাতে প্রাপ্যতার হিসাবে সাময়িক অগ্রিম বা পার্সোনাল লোন এর সিলিং ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা, তবে এ লোন কর্মচারীর প্রভিডেন্ট ফান্ডে নিজস্ব জমাসহ কোম্পানির জমা এবং গ্রাচুইটি খাতে মোট প্রাপ্যতার ৮০% এর বেশি হবে না।
- ০৮। সুদের হারঃ সাময়িক অগ্রিম বা পার্সোনাল লোন এর সুদের হার ব্যাংক রেট এ নির্ধারিত হবে।
- ০৯। সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন প্রদান/বিতরণঃ কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক গঠিত ‘যাচাই-বাছাই কমিটি’র সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরী প্রদান ও বিতরণ করা হবে;
- ১০। সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন এর নিরাপত্তাঃ সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন মঞ্জুরির পর অগ্রিম গ্রহীতাকে নিম্নলিখিত দলিলাদি সম্পাদন করতে হবেঃ

(১) Demand Promissory Note;

(২) Lien Against Provident Fund and Gratuity.

১১। সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন আদায়ঃ


- (১) সুদসহ সাময়িক অগ্রিম বা পার্সোনাল লোন ১০ (দশ) বছরে সর্বোচ্চ $(১২ \times ১০) = ১২০$ (একশত বিশ) টি সমান মাসিক কিস্তিতে আদায়যোগ্য হবে;
- (২) সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন বিতরণের পরবর্তী মাস হতে সংশ্লিষ্ট কর্মচারির বেতন হতে কিস্তি কর্তন আরম্ভ হবে। আসল আদায় করার পর সুদ আদায় করা হবে;
- (৩) কোন কর্মচারি ইচ্ছা করলে নির্ধারিত কিস্তির অধিক হারে সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন ও উহার সুদ পরিশোধ করতে পারবেন। অথবা পূর্ব নির্ধারিত সময়ের পূর্বেও যেকোন সময় সুদসহ সম্পূর্ণ দেনা একসাথে পরিশোধ করতে পারবেন;
- (৪) সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন গ্রহণকারী কর্মচারি কোন কারণে কোম্পানির চাকুরি হতে অবসর গ্রহণ, ইস্তফা দিলে অথবা অপসারণ, বরখাস্ত বা অন্য কোন কারণে চাকুরিচ্যুত হলে কোম্পানির নিকট তাঁর প্রাপ্য সুবিধাদি হতে সর্বপ্রথম আলোচ্য সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন এর সুদসহ সমুদয় পাওনা সমন্বয় করা হবে;
- (৫) যে সকল কর্মচারী চাকুরিচ্যুত হয়েছেন অথবা চাকুরী হতে ইস্তফা দিয়েছেন অথবা মৃত্যুবরণসহ অন্য যে কোন কারণে চাকুরীতে নেই, তাদের ঋণ অনাদায়ী থাকলে ঋণের সমুদয় বকেয়া আদায়ের জন্য কোম্পানি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;
- (৬) কোন কর্মচারি চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর পারিবারিক অবস্থা পর্যালোচনা করে বিশেষ বিবেচনায় সাময়িক অগ্রিম/পার্সোনাল লোনের উপর আরোপিত সুদ মওকুফের প্রস্তাব কোম্পানির পরিচালনা বোর্ড বিবেচনা করতে পারবে।

১২। সাধারণ নিয়মাবলীঃ

- (১) কোম্পানিতে প্রচলিত নিয়ম বা ডেলিগেশন অব পাওয়ার (Delegation of Power) অনুযায়ী এই নীতিমালার আওতায় সকল ক্ষমতা প্রয়োগ ও কার্যকর করা যাবে;
- (২) ইতিপূর্বে সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন সংশ্লিষ্ট প্রণীত নীতিমালা (যদি থাকে) বাতিল বলে গণ্য হবে;
- (৩) সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন আবেদনকারীদের মধ্য হতে “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে এবং বাজেটে তহবিল বরাদ্দ সাপেক্ষে বিতরণ করা হবে;
- (৪) সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন মঞ্জুরী প্রদান ও বিতরণ বিলম্ব হওয়ার দরুন উদ্ভূত পরিস্থিতির জন্য কোম্পানি দায়ী থাকবে না;
- (৫) সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন খাতে বরাদ্দকৃত বাজেট কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ৭০ ও ৩০ শতাংশ হারে মঞ্জুরী প্রদান ও বিতরণ করা হবে। তবে প্রয়োজনে কর্তৃপক্ষ মোট বরাদ্দ না বাড়িয়ে এই অনুপাতে সমন্বয় সাধন করতে পারবে;
- (৬) কর্মচারীদের সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন প্রদানের ক্ষেত্রে “টেক-হোম-পে” হবে গ্রস পে এর ন্যূনতম ২৫%;
- (৭) ১৫ মে ২০২৩ তারিখ হতে কোন কর্মচারি তাঁর চাকুরিকালীন সময়ে সর্বোচ্চ ০২ (দুই) বার সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন সুবিধা গ্রহণ করতে পারবেন;
- (৮) একজন কর্মচারি পূর্বে গৃহীত সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন সুদসহ সম্পূর্ণ পরিশোধের পরই নতুন করে সাময়িক অগ্রিম/পার্সোনাল লোন এর জন্য আবেদন করতে পারবেন;

- (৩৯) এই নীতিমালার আওতায় সকল ক্ষমতা প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় বা প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় কর্তৃক মনোনীত অন্য কোন কর্মচারী প্রয়োগ ও কার্যকর করতে পারবেন;
- (১০) এই নীতিমালা বা এর কোন অংশ কোম্পানির পরিচালনা বোর্ড সময়ে সময়ে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবর্তন, পরিবর্ধন অথবা সংশোধন করতে পারবে;
- (১১) এই নীতিমালার কোন বিষয়ের ব্যাখ্যা প্রসঙ্গে কোন মতানৈক্য সৃষ্টি হলে সেক্ষেত্রে পরিচালনা বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- (১২) ভবিষ্যতে কোম্পানিতে গৃহ নির্মাণ অগ্রিম বা প্রভিডেন্ট ফান্ডের বিপরীতে লোন অথবা অন্য কোন লোন চালু হলে একজন কর্মচারী একই সময়ে যেকোনো একটি লোন সুবিধা গ্রহণ করতে পারবে। পূর্বে গৃহীত লোনের সুদসহ সমুদয় অর্থ পরিশোধের পরই একজন কর্মচারী অন্য কোন লোন সুবিধা গ্রহণ করতে পারবেন।

বোর্ডের আদেশক্রমে



মাহমুদা আক্তার
প্রধান নির্বাহী কর্মকর্তা